

চতুর্থ বর্ষ

২০১২

স্মরণিকা

No nation can progress faster than its education system

কৃষ্ণনগর গভর্ণমেন্ট কলেজ অ্যালাম্‌নি এ্যাসোসিয়েশন

কৃষ্ণনগর ○ নদীয়া

কালীনগর কো-অপারেটিভ কলোনী এন্ড ক্রেডিট সোসাইটি লিমিটেড

(কম্পিউটার চালিত ও সরকার অনুমোদিত)

রেজি নং ঃ ২১-এন/৫৭

কালীনগর, পোঃ কৃষ্ণনগর, নদীয়া। দূরভাষ ঃ ২৫৭৭৩৪

সেভিংস ডিপোজিট, রেকারিং ডিপোজিট, ক্যাশ সার্টিফিকেট, মাসিক আয় প্রকল্প, স্বল্প মেয়াদী স্থায়ী আমানত ইত্যাদি বিভিন্ন স্কীমে টাকা জমা হয়। সম্পত্তি বন্দক, ৫৮ ধারা মতে কর্জ, **CG** লোন ও **N.S.C., K.V.P.** ও সমিতির ক্যাশ সার্টিফিকেটের উপর লোনের ব্যবস্থা আছে।

কো-অপা. পরিচালিত ঃ সেবায়ন ডায়াগনস্টিক সেন্টার

নদীয়ার মধ্যে সবচেয়ে কম মূল্যে অত্যাধুনিক মেশিনের সাহায্যে এক্স-রে, আল্ট্রা সোনোগ্রাফি, ই.সি.জি., রক্ত, মল, মূত্র ও কফ পরীক্ষা করা হয় অভিজ্ঞ ডাক্তার ও টেকনিসিয়ান দ্বারা। পরীক্ষা প্রার্থনীয়।

প্রতিদিন সকাল ৯টা থেকে আল্ট্রা সোনোগ্রাফি করা হয় এবং রোগী দেখা হয়।

খোলার সময় ঃ প্রতিদিন সকাল ৮-৩০টা থেকে বিকাল ৬টা পর্যন্ত।

নমুনা মূল্য ঃ

USG (Whole Abdomen)	Rs. 400/- (with film)
USG (Lower / Upper Abdomen)	Rs. 200/- (with film)
USG (Pregnancy)	Rs. 250/- (with film)
X-Ray (Per Plate)	Rs. 50/- (with film)
E.C.G.	Rs. 40/-

প্রতি মঙ্গলবার বিকেল ৩টায় গ্যাস্ট্রো-এন্ট্রোলজিষ্ট ডাঃ বিশ্বনাথ চক্রবর্ত্তী (এম.ডি.) রোগী দেখেন।

মঙ্গল, বৃহস্পতি, শুক্র, শনিবার সকাল ৯-৩০ মিনিট থেকে জেনারেল বিভাগের চিকিৎসক রোগী দেখেন।

যোগাযোগ ঃ Ph. No. : 9474788072, 257734

নদীয়ার সেরা **BOLERO XL** অ্যাম্বুলেন্স কম টাকায় ভাড়া দেওয়া হয়।

ফোন নং ঃ ৯৩৩২৩৯১৯০২ (ড্রাইভার), ৯৪৩৪১৯১২০৭

কো-অপা. পরিচালিত ঃ সংহতি লজ

বিভিন্ন অনুষ্ঠানের জন্য অল্প টাকায় ভাড়া দেওয়া হয়।

শিবনাথ চৌধুরী
(চেয়ারম্যান)

শ্রীবিপুলকৃষ্ণ সরকার
(সম্পাদক)

চতুর্থ প্রাক্তনী সম্মেলন
অনুষ্ঠান সূচী : ৫ ফেব্রুয়ারী ২০১২ (রবিবার)

সকাল	৯টা ৩০মি	:	সদস্যপদ রেজিস্ট্রেশন ও পূনর্নবীকরণ এবং ডেলিগেট কুপন বিলি
	১১টা	:	এ্যালাম্‌নি পতাকা উত্তোলন ও উদ্বোধনী অনুষ্ঠান
	১১টা ৩০মি	:	অধ্যক্ষের ভাষণ ও উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা
	১১টা ৩৫মি	:	অ্যালাম্‌নির পক্ষে স্বাগত ভাষণ
	১১টা ৪০মি	:	বিশিষ্ট অতিথিগণের ভাষণ
	১২টা	:	সভাপতির ভাষণ
	১১টা ১৫মি	:	বার্ষিক সাধারণ সভা সম্পাদকের প্রতিবেদন আয়ব্যয়ের হিসাব পেশ আলোচনা নতুন কমিটি গঠন
দুপুর	১টা ৩০মি	:	মধ্যাহ্ন ভোজনের বিরতি
	২টা ৩০মি	:	প্রাক্তনীদের স্মৃতিচারণা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
	৫টা	:	সভাপতি কর্ত্তৃক সমাপ্তি ঘোষণা ও ধন্যবাদ জ্ঞাপন

With Best Compliments from :-

Dr. Ratnadeep Das

B.D.S. (Kolkata)

ORAL & DENTAL SURGEON

SURADHANI

DENTAL CLINIC

RCT, Scaling, Crown, Bridge etc.

:: **ADDRESS** ::

3/1, Chunuripara Lane, Krishnagar, Nadia
(Near 'Akshoy Vidyapith School')

Contact No. : 09474479474 (Mob.)
03472-254646 (Resi.)

KRISHNAGAR GOVT. COLLEGE ALUMNI ASSOCIATION

(Regn No. S/IL 51964) Dated 25.4.2009)

Krishnagar, Nadia, Ph. No. (03472) 252810 /252863.

www.krishnagarcollegealumni.org / E-mail : kgc.alumni.association@gmail.com

Governing Body of the Association

1.	Patron donor	:	i) The Nadiaraj Srl Saumesh ch. Roy, ii) Maharani of Kossimbazar.
2.	Patron in-chief	:	Principal, Krishnagar Govt. College
3.	President	:	Dr. Dhirendra Nath Biswas, M.Sc. Ph.D. Retired H.O.D Chemistry, K.G.C.
4.	Vice President	:	i) Sri Kanailal Biswas, M.A. L.L.B, Advocate, Judges Court, Krishnagar, ii) Dr. Basudeb Saha, M.A., D.Phil.; Retired Head Master, iii) Sri Sankareswar Dutta, Social Worker iv) Smt. Bharati Bagchi v) Shri Sibnath Chowdhury vi) Dr. Ashok Saha, vii) Prof. Tapas Kumar Modak
5.	Secretary	:	Dr. Pijush Kumar Tarafder , M.Sc. Ph.D. Retired H.O.D. Chemistry, K.G.C.
6.	Assistant Secretary	:	i) Dr. Dipak Kumar Biswas, M.A., Ph.D.; Retd H.M. Debnath H.S.School, ii) Sri Khagendra Kumar Datta, Retd S.B.I. Employee iii) Shri Sudhakar Biswas iv) Shri Swadesh Roy v) Smt Archana Ghosh Sarkar
7)	Treasurer	:	Sri Shyamaprasad Biswas.

Members:-

1)Sri Samir Kumar Halder, 2)Sri Dilip Guha 3) Sri Dipankar Das, 4)Smt.Manjulika Sarkar, 5)Prof Sirajul Islam, 6) Prof. Sudipta Pramanik 7) Sri Chandan Kanti Sanyal (9232467217) 8) Sri Asoke Kumar Bhaduri (03472-320814), 9) Sri Ananta Banerjee (94343228230), 10) Sri Sampad Narayan Dhar (9433350604) 11) Sri Sachin Chakraborty (03325829556), 12) Mmt. Mita Dey, 13) Salil Kr. Ghosh.

Communication: Secretary alumni association phone number: 09474479472
e-mail address: pijush.chem@gmail.com
- Asst. Secretary Sri Khagendra Kumar Datta e-mail address: datkhagen@gmail.com

Sub Committies for organising Alumni Reunion 2010

Patron-in-Chief : Dr. M. Das **Principal**
President : Dr. D. N. Biswas
Secretary & Co-ordinator : Dr. P Tarafder

1. **Publicity and communication Sub-Committee :**
   Sampad Narayan Dhar (Convener), Shyamaprosad Biswas, Sibnath Chowdhury, Ananta Banerjee, Indranil Chatterjee, Prosanta Kr. Mukhopadhyay, Subimal Chandra, Swadesh Roy.

2. **Reception Sub-Committee :**
   Tapas Kr. Modak, Dhirendra Nath Biswas, Chandan Kanti Sanyal, Asoke Bhaduri, Archana Ghosh (Sarkar), Dilip Guha, Chinmoy Bhattacharya, Sirajul Islam, Basudev Saha, Nirmal Sanyal, Sudipta Pramanick, Pijush Tarafder, Manjulika Sarkar, Sudhakar Biswas.

3. **Finance and Registration Sub-Committee :**
   Khagendra Kr. Dutta (Convn.) Kanailal Biswas, Asesh Kumar Das, Sachin Chakraborty, Dipak Biswas, Swadesh Roy, Bidyut Bhusan Sengupta.

4. **Cultural and decoration Sub-Committee :**
   Dipankar Das (Convener), Salil Ghosh, Nirmal Sanyal, Ananta Banerjee, Manjulika Sarkar, Archana Ghosh (Sarkar), Dilip Guha, Manashi De, Mita De, Marjana Ghosh (Guha), Ambuj Moulick.

5. **Souvenir Sub-Committee :**
   Dr. Basudev Saha (Convener), Sibnath Chowdhury, Shyama Prasad Biswas, Ananta Banerjee, Dipak Biswas.

6. **Refreshment Sub-committee :**
   Dr. Sudipta Pramanick & Smt. Bharati Das (Bagchi) (Jt. Convener), Samir Halder, Mita De, Pijush Tarafder.

।। সম্পাদকের কলমে ।।

কৃষ্ণনগর গভঃ কলেজ অ্যালুম্নি এ্যাসোসিয়েশনের চতুর্থ বার্ষিকী পুনর্মিলন অনুষ্ঠানে আপনাদের সকলকে উষ্ণ অভ্যর্থনা জানাই। বিগত বছরগুলির মত এ বছরেও একে অপরের সঙ্গে মিলিত হবার সুযোগ করে দিতে পেরে নিজেকে ধন্য মনে করেছি। আমরা যদি পরস্পরের সঙ্গে একতাবদ্ধ হয়ে চলতে পারি তবে আমার বিশ্বাস আগামী বছরগুলোতেও এমনই এক উৎসবে আবার আমরা মিলিত হতে পারব। ইতিমধ্যে অনেক প্রাক্তন ছাত্রবন্ধু আমাদের ছেড়ে চলে গেছেন। তাঁদের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। তাঁদের আত্মার চির শান্তি কামনা করছি।

সম্মানীয় প্রাক্তন ছাত্র-ছাত্রী-বন্ধুদের কাছে আবেদন নিবেদন করা সত্ত্বেও তাঁদের সমিতির সদস্যভুক্ত করতে পারিনি। আপনারা এ ব্যাপারে সহযোগিতা করুন যাতে সমিতির সদস্য সংখ্যা বৃদ্ধি পায়।

একবিংশ শতাব্দীর ২০১১-১২ সালটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকের এই পুনর্মিলন উৎসবে উপস্থিত সদস্যবৃন্দের পক্ষ থেকে নতমস্তকে শ্রদ্ধা জানাই তিন মহানপুরুষ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, যুগপুরুষ স্বামী বিবেকানন্দ এবং বিজ্ঞানীচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়ের উদ্দেশ্যে। সমগ্র জাতি এই তিন মহাপুরুষের সার্ধশত জন্ম বার্ষিকী অত্যান্ত শ্রদ্ধাভরে পালন করেছে। প্রস্তাবনা সত্ত্বেও আমরা সমিতির পক্ষ থেকে এই মহানপুরুষের সার্ধশততম জন্ম বার্ষিকী পালন করতে পারিনি। এ আমাদের লজ্জা। অপর পক্ষে কৃষ্ণনগরের ভূমিপুত্র বিশিষ্ট কবি সাহিত্যিক নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের সার্ধশতবর্ষ জন্ম জয়ন্তী এই বছর জুলাই মাসে কৃষ্ণনগরের সংস্কৃতি সচেতন নাগরিক ও শিক্ষা জগতের সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে নিয়ে কৃষ্ণনগর গভঃ কলেজ প্রাক্তনী সমিতি উপযুক্ত মর্যাদা সহকারে দ্বিজেন্দ্রলাল রায়ের সার্ধশত বর্ষ জন্ম জয়ন্তী পালন করার প্রস্তাব গৃহীত হয়েছে। অদ্যকার পুনর্মিলন অনুষ্ঠানে উপস্থিত সকল সদস্যের পক্ষ থেকে প্রাক্তন, বর্তমান নির্বিশেষে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষামোদী সাধারণ নাগরিকের কাছে উক্ত শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানে সক্রিয় সহযোগিতার আবেদন জানাই।

সমগ্র বিশ্বের সঙ্গে আমাদের দেশেও বিক্ষিপ্তভাবে নানাপ্রকার সন্ত্রাসমূলক ক্রিয়া কলাপে একাধারে সম্পত্তি ও জীবনহানি ঘটছে। কৃষ্ণনগর গভঃ কলেজের সমস্ত প্রাক্তনী এ ধরণের নিকৃষ্টতম কার্য্যকলাপের তীব্র নিন্দা করছে। সেই সঙ্গে সন্ত্রাসে যাঁরা বলি হয়েছেন তাঁদের পরিবারবর্গের প্রতি আমরা সহানুভূতি জানাই।

বীভৎস অগ্নিকাণ্ডের ফলে কলকাতার এ.এম.আর.আই. হাসপাতালে চিকিৎসাধীন রোগী সহ কর্মরত স্বাস্থ্যকর্মীদের মৃত্যুতে এই কলেজের প্রাক্তণী সভা গভীরভাবে মর্মাহত। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অগ্নিকাণ্ডে নিহতদের পরিবারবর্গের প্রতি সমবেদনা স্থাপন করছে। উল্লেখ্য : ১৮/১২/১১ তারিখে সমিতির কার্য্যকরী কমিটির সভায় অগ্নিকাণ্ডে নিহতদের আত্মার শান্তি কামনা করে দু'মিনিট নীরবতা পালন করা হয়েছে।

বিক্ষিপ্তভাবে কতিপয় কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে কলেজের অধ্যক্ষদের উপর যে ধরণের দৈহিক ও মানসিক উৎপীড়ন চলছে তাতে এই মহাবিদ্যালয়ের সমস্ত প্রাক্তনী সদস্য গভীরভাবে উৎকণ্ঠিত। আমরা এমন ঘটনার তীব্র নিন্দা করছি। শিক্ষাঙ্গনে এ ধরণের অ-ছাত্র জনোচিত মনোভাব সমগ্র শিক্ষা জগৎকে কলুষিত করছে। সমিতির পক্ষ থেকে সমস্ত ছাত্র-যুবাদের কাছে আবেদন তারা শিক্ষক নিগৃহ পরিহার করে শিক্ষা তথা শিক্ষায়তনের যুগোপযোগী উন্নয়ণের স্বার্থে উদ্যোগী ও সোচ্চার হোন্। এতে শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্যের অবসান ঘটবে ও নবযুগের ছাত্র-ছাত্রী পাবে আলোর নিশানা।

আপনাদের সবার জানা আছে সে ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন দ্বারা accreditation করাবার তাগিদে এই অ্যালুম্নি সমিতি সংগঠিত হয়েছিল। NAAC দ্বারা 'A' Grade কলেজ হিসাবে তালিকাভুক্তি এবং Centre of Excellance পেতে সামান্য হলেও সমিতির ভূমিকা অনস্বীকার্য্য। এই কলেজটিকে Unitary University তে উন্নীত করবার প্রক্রিয়া প্রাক্তনী সমিতি দীর্ঘদিন ধরে চালিয়ে আসছে। স্থানীয় M.P শ্রী তাপস পাল মহাশয়ের দিল্লীতে মানব সম্পদ উন্নয়ন বিভাগে এ ব্যাপারে যোগাযোগ রক্ষা করে চলেছেন। কলেজ কর্তৃপক্ষ বা রাজ্য সরকারের শিক্ষা বিভাগ এ ব্যাপারে প্রয়োজনীয় আবেদন

পত্র এখনও পর্য্যন্ত পাঠায়নি। কেবলমাত্র কলেজের প্রাক্তনী সমিতির নয়, কৃষ্ণনগরের শিক্ষামোদী নাগরিকদের একান্ত আশা যে দেশের অন্যতম প্রাচীন মহাবিদ্যালয়কে উপযুক্ত স্তরে উন্নয়নের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার সক্রিয় হবেন। বিশেষতঃ সাম্প্রতিক কালে মালদা, বাঁকুড়া, পুরুলিয়া, বারাসতে একটি করে বিশ্ব-বিদ্যালয় গড়ে তোলার অনুমোদন দিয়েছেন সরকার। এছাড়া প্রেসিডেন্সি ও সেন্টজেভিয়ার্স কলেজ দুটিকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার উদাহরণ আমাদের প্রত্যাশা বহুগুণ বাড়িয়ে দিয়েছে। আমরা তাই কৃষ্ণনগর সরকারী কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করার জন্য সরকারের কাছে দাবি পেশ করছি। সেই সঙ্গে কলেজের অধ্যক্ষ, কলেজ পরিচালন সমিতির সভাপতি, জেলা শাসক প্রমুখের সক্রিয় ভূমিকা পালনের দাবি জানাই। এই প্রসঙ্গে উল্লেখ্য গত ১৯শে ডিসেম্বর আগাম নোটিশ দিয়ে সর্বশ্রী বীরেন্দ্রনাথ বিশ্বাস, অবনী মোহন জোয়ার্দ্দার, শিবনাথ চৌধুরী, খগেন্দ্র নাথ দত্ত, শ্যামাপ্রসাদ বিশ্বাস, সম্পদ নারায়ণ ধর, স্বদেশ রায় ও দীপক বিশ্বাসকে সঙ্গে নিয়ে আমি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষের সঙ্গে এ ব্যাপারে সবিস্তার আলোচনা করি। স্থানীয় বিধায়ক ও কলেজের প্রাক্তনী শ্রী অবনীমোহন জোয়ার্দ্দার মহাশয় অধ্যক্ষ মহাশয়কে প্রয়োজনীয় দরখাস্ত পূরণ করে অতি সত্বর U.G.C. অফিসে পাঠানোর জন্য অনুরোধ করেন। আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে মাননীয় অধ্যক্ষ মহাশয় এ ব্যাপারে সম্মত হয়েছেন এবং শীঘ্রই আবেদন পত্রটি বিবেচনার জন্য সরকারী শিক্ষা দপ্তর মারফৎ U.G.C অফিসে পাঠাবেন।

গত ৩০শে ডিসেম্বর শহিদ দিবস উপলক্ষে সমিতির কার্য্যকরী কমিটির সকল সদস্যের উপস্থিতিতে কলেজের জঙ্গল সাফাই প্রক্রিয়া অনুষ্ঠিত হ'ল। সমিতির সভাপতি বর্ষিয়ান শ্রী ধীরেন্দ্রনাথ বিশ্বাস মহাশয় স্বয়ং উপস্থিত থেকে এ কাজে আমাদের অনুপ্রাণিত করেছেন।

কার্য্যকরী কমিটির সভায় স্থির হয়েছে এ বছর জুলাই মাসে নাট্যকার ডি.এল.রায়ের সার্ধশতবর্ষ জন্ম দিবস যথাযথ মর্যাদা সহকারে পালন করা হবে। সিদ্ধান্ত হয়েছে উক্ত অনুষ্ঠানে প্রাক্তনী সমিতির পক্ষ থেকে এই কলেজের প্রত্যেক বিভাগের কৃতী ছাত্র/ছাত্রীদের পুরস্কৃত করা হবে, এই কলেজে বাংলা বিভাগে ডি.এল. রায় নামাঙ্কিত একটি অধ্যাপক পদ সৃষ্টি করবার জন্য শিক্ষা দপ্তরে আবেদন করা হবে এবং কলেজে ডি.এল. রায়ের মূর্ত্তিটিকে সংস্কার সাধন করা হবে। এই অনুষ্ঠানটিকে সুষ্ঠভাবে সম্পন্ন করবার জন্য আপনাদের সবার সক্রিয় সহযোগিতা প্রার্থনা করছি। এ জন্য গঠিত বিশেষ তহবিলে আর্থিক অনুদান ধন্যবাদের সঙ্গে গৃহীত হবে।

আজকের এই বার্ষিক পুনর্মিলন উৎসব সর্বাঙ্গ সুন্দর ও সাফল্যমণ্ডিত হয়ে উঠুক এই কামনা করে উপস্থিত সবাইকে আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে শেষ করলাম। নমস্কার।

পীযুষ তরফদার
সম্পাদক

।। আমাদের কথা ।।

পেশির অপব্যবহারে নাকাল হচ্ছে অনেক শিক্ষা প্রতিষ্ঠান। নৈরাজ্য চলছে বহু শিক্ষা প্রতিষ্ঠানে। কলেজগুলোতে চলছে কলেজ ইউনিয়ন কোন দলের ছাত্র সংগঠনের হাতে থাকবে, আর স্কুল গুলিতে চলছে ছাত্রভর্তি, পরীক্ষায় ফেল করা ছাত্র-ছাত্রীদের পাশ করিয়ে দেওয়ার দাবি এবং ম্যানেজিং কমিটি নির্বাচন ইত্যাদি বিষয় নিয়ে। সাধারণত এই সব বিষয় নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান গুলিতে বিশৃঙ্খলা সৃষ্টি হয়ে থাকে। বিষয়টি নিয়ে শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের সবাইকে সতর্ক হতে হবে। দলমতের উর্দ্ধে উঠে দেশ ও দেশের শিক্ষার কথা ভেবেই কাজ করতে হবে আমাদের। কে দোষী, কে দোষী নয় — এ সব নিয়ে বেশি না ভেবে আগামী প্রজন্মকে মানুষ হয়ে গড়ে ওঠার দিকে লক্ষ্য রাখতে হবে শিক্ষার্থী ও শিক্ষকদের। বিষয়টিতে নজর রাখতে হবে দেশের সব মানুষকে। বিষয়টি নিয়ে আন্তরিকভাবে দায়িত্বশীল ও সক্রিয় হতে হবে দেশের শিক্ষাবিদ এবং রাষ্ট্র নায়কদের। দলবাজি ছেড়ে মানবতাবাদী হতে হবে সবাইকে।

কৃষ্ণনগর কলেজ বাংলার একটি ঐতিহ্যমণ্ডিত প্রথম শ্রেণির কলেজ। ন্যাকের সাম্প্রতিক রিপোর্টে ও বোধ করি তার পরিচয় মেনে। বহুকাল ধরেই শুনে আসছি — প্রেসিডেন্সি কলেজ, মহসীন কলেজ ও কৃষ্ণনগর কলেজের বিশিষ্টতার কথা। ভারতের এ ধরণের কলেজগুলিকে ইউনিটরি ইউনিভার্সিটি করার কথা শুনেছি। প্রেসিডেন্সি কলেজ ইউনিভার্সিটি হয়েছে। কৃষ্ণনগর কলেজকে ইউনিটরি ইউনিভার্সিটি করার জন্য কলেজ-প্রাক্তনীদের সঙ্গে নদিয়ার মানুষও সচেষ্ট হবেন বলে আমাদের ধারণা। মাননীয় কৃষ্ণনগর-সাংসদ তাপস পাল মহাশয় সাংসদ মহলে শিক্ষাকমিটিতে বিষয়টি য়িে সচেষ্ট হয়েছেন বলে শুনেছি। এ বিষয়ে কলেজ কর্তৃপক্ষ একটু সচেষ্ট হলে বিষয়টি সার্থক রূপ লাভ করবে বলেই আমাদের বিশ্বাস। কৃষ্ণনগর কলেজের শিক্ষার্থী, শিক্ষক এবং কর্তৃপক্ষ বিষয়ে বিশেষ নজর দিলে প্রতিষ্ঠানটি ইউনিভার্সিটিতে পরিণত হতে পারে।

নদিয়াবাসীর সচেতন - সক্রিয় আন্দোলন এই কলেজের ইউনিটরি ইউনিভার্সিটিতে রূপান্তর ঘটুক — এই কামনা করি। কলেজ প্রাক্তনীরা অবশ্য এ বিষয়ে আন্দোলনে যুক্ত আছেন।

এই স্মরণিকা প্রণয়েনে কলেজ প্রাক্তনীর কার্যকরী কমিটির সক্রিয় প্রচেষ্টা বিশেষ করে শ্রী শ্যামাপ্রসাদ বিশ্বাস মহাশয়ের আন্তরিক প্রচেষ্টা আমাকে মুগ্ধ করেছে। এটাই সত্য যে আমি নই শ্যামা প্রসাদের প্রকৃত সম্পাদনায় তৈরি হয়েছে এই স্মরণিকা।

সবাই ভালো থাকুন, যুক্ত থাকুন ভালো কাজে।

ড. বাসুদেব সাহা
সম্পাদক/আহ্বায়ক
কৃষ্ণনগর কলেজ প্রাক্তনী সম্মেলন ২০১২ এর স্মরণিকা
উপ-সমিতি

৫/২/২০১২
কৃষ্ণনগর কলেজ
কৃষ্ণনগর, নদীয়া।

সে কি ভোলা যায়

স্বদেশ রায়

৭০ এর দশক মুক্তির দশক। এই শিক্ষা ব্যবস্থায় যে যত বেশী পড়ে, সে তত বেশী মুর্খ হয়। বন্দুকের নলই শক্তির উৎস। চিনের চেয়ারম্যান আমাদের চেয়ারম্যান। এই সব দেয়াল লিখন পড়তে পড়তে কলেজে প্রবেশ করেছিলাম। ৫ আগষ্ট ১৯৭০ কৃষ্ণনগর কলেজে আমার প্রথম দিন। আমি ও বন্ধু অলোক সান্যাল এক সাথে উনিশ নম্বর ঘরে একটা পনেরো মিনিটে প্রথম ক্লাস করতে ঢুকি। রাষ্ট্রবিজ্ঞানের প্রথম ক্লাস নিয়েছিলেন শ্রদ্ধেয় অধ্যাপক ফনীন্দ্রনাথ ভট্টাচার্য, যিনি কলেজে পি.এ.বি নামে খ্যাত ছিলেন। সেদিনের পাঠ্যসূচীতে ছিলো 'গণতন্ত্র'। আজও সেই স্মৃতি স্বচ্ছ আয়নার মতো। কলেজে প্রবেশ করেই কিন্তু ছাত্র-রাজনীতির কোন স্পষ্ট ছবি দেখতে পাইনি। প্রথমেই যাদের সঙ্গে পরিচয় হয়েছিল, তারা বেশীরভাগই নকসাল রাজনীতিতে বিশ্বাসী। কলেজে ঢুকেই সবথেকে বেশী আশা করেছিলাম। নবীনবরণ উৎসবের। তখনও মনে পরে সেই দিনটির কথা। নবীনবরণ উৎসবের জন্য কলেজে যেতে মাঝ পথেই থমকে গেলাম। কলেজ গেট পর্যন্ত যাওয়া হলো না। এম.এম. ঘোষ স্ট্রিট ও আর.সি. পাড়ার সংযোগস্থলের কাছে পড়ে ছিল একটি সাইকেল ও একজোড়া চপ্পল। কিছুক্ষণ আগেই খুন হয়ে গেছে একছাত্র। অপরাধ বিপ্রদাস পালচৌধুরী পলিটেকনিক কলেজে পরিক্ষা দিতে যাচ্ছিল। শুনতে পেলাম ছাত্রটির নাম প্রশান্ত সরকার। সে বি.পি.এস.এফ. সমর্থক। কে এস.এফ. কে সি.পি. সেটা নিয়ে কিছু ভাবিনি। মনে হয়েছিল একজন ছাত্র আজ খুন হয়ে গেলো। কৃষ্ণনগর পাবলিক লাইব্রেরী মাঠে যে মঞ্চটি রয়েছে, সেটা প্রশান্ত সরকারের উদ্যোগে নির্মান হয়েছিলো। গত মাসে ২৩ থেকে ৩০ ডিসেম্বর ২০১১ যখন ২৭ তম নদিয়া বইমেলা চলছিল শত শত মানুষের ভীড়ের মধ্যেও সেই মঞ্চের নীচে ফলকটিকে আর একবার দেখলাম।

তখন প্রতিদিনই খবর থেকে জানতে পারি উত্তর থেকে দক্ষিণে সাগর থেকে পাহাড়ে বিভিন্ন কলেজে ঘেরাও শিক্ষক নিগ্রহ প্রভৃতি চলছে। শিক্ষাক্ষেত্রে অশান্তি। মনটা দুঃখে ভরে যায়। কেন এমনটা হচ্ছে। কবে শান্ত হবে শিক্ষাঙ্গন। যা কিছুই ঘটুক ; ঘটনার পিছনে কারণ থাকতেই হবে। কারণ অনুসন্ধানের প্রক্রিয়া শুরু করতে হবেই।

১৯৭০ থেকে ১৯৭৩ কৃষ্ণনগর কলেজের অনেক ঘটনাই তখনও সুখস্মৃতি হয়ে আছে। আমি ছাত্র পরিষদ করতাম। কলেজ সাধারণ সম্পাদকের পদে ছিলাম। কিন্তু তখনও সেই দিনগুলিতে যাদের সঙ্গে আড্ডা দিতাম সেই এসঃ এফ. সমর্থক উজ্জ্বল দাস, পবিত্র সরকার, সতীনাথ রায় (লাঠি) সব্যসাচী চট্টোপাধ্যায় এদের সাথে দেখা হলে এক নির্মল আন্তরিকতায় একে অপরকে জড়িয়ে ধরি। সেই দিনটার স্মৃতি আজও মন পীড়া দেয়। আমরা তখন পার্ট ওয়ান পরিক্ষা দিচ্ছি। কলেজে যাওয়ার পথে শুনলাম বন্ধু সাম্য সাথী চট্টোপাধ্যায় আর নেই। ছাদ থেকে পড়ে মারা গেছে। সেদিন ছিলো ইকনমিক্স পরিক্ষা। এস.এফের সক্রিয় সদস্য ও সি.পি.ম দলের এজি সদস্য। আমরা ছাত্র পরিষদ ও তত্র এস.এফ.এর সবাই সাম্যর মৃতদেহ নিয়ে নবদ্বীপ শ্মসানঘাটে তাঁর অন্তেষ্টি ক্রিয়ায় উপস্থিত ছিলাম। সেদিনের দুঃখে কোন রঙ ছিলনা। একটি মৃত্যুর দুঃখ সমানভাবে আমাদের গ্রাস করেছিল। আজকের ছাত্রদের মধ্যে সেই বোধ কেন প্রসারিত হল না।

একটা সময় ছিল যখন কৃষ্ণনগর কলেজে আমরা যারা ছাত্র-পরিষদ করতাম তাদের আড্ডার স্থল ছিল এস.এফ.-এর সামসুল ইসলামের কক্ষ। হোস্টেলে সামসুলকে কত বিরক্তই না করেছি। এই সামসুলই পশ্চিমবঙ্গ বিধানসভার দু'বার সদস্য নির্বাচিত হয়েছিলো সি.পি.এম. প্রার্থী হিসাবে।

আমাদের সেইসময় কলেজে 'সবারে করি আহ্বান' জাতীয় পরিবেশ ছিল। পত্রিকা প্রকাশের সময় কে কোন দলের সমর্থক বিচার্য ছিলো না। তাই শ্যামাপ্রসাদ বিশ্বাসের 'রামেশ্বর বালাসিয়া' বামপন্থী কবিতাও ছাপা হয়েছিল। ১৯৭১-৭২ সালের পত্রিকা প্রকাশের মাঝখানে একটা মর্মান্তিক ঘটনা ঘটলো। আমাদের পত্রিকা সম্পাদক বিপ্লব মুখোপাধ্যায়ের আকস্মিক মৃত্যুতে তাঁর পরিবর্তে বাম-পন্থীমনোভাবাপন্ন ছাত্র শিবাজী রায় কে দায়িত্ব দেওয়া হয়েছিল। কোন সমস্যা হয়নি। আবার

১৯৭৪-৭৫ সালে পত্রিকা সম্পাদনের দায়িত্ব পেয়েছিল শতঞ্জীব রাহা ও সাধন ভাদুরী। শতঞ্জীব এখন কল্যানী বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক। সাধন ভাদুরী বর্তমান পত্রিকার একজন বিশিষ্ট কলচি। মনসিজ বিশ্বাস একসময় পরিচালক শক্তি সামন্তের সহকারি শিল্প নির্দেশক হিসাবে মুম্বাইতে কাজ করেছে। কলেজ পত্রিকার প্রচ্ছদ মানেই মনসিজ। খোলা মনে যোগ্যতার মাপ কাঠিতে কাজ চলতো। আমরা ছাত্র-জীবনে রঙকে প্রাধান্য দিইনি। মনসিজ, শান্তিনাথ শ্যামরাও আমাদের সাথে খোলা মনেই কাজ করতো।

খেলার মাঠেও আমরা ছিলাম এক ও অভিন্ন। একটি ঘটনার কথা ভীষণভাবে মনে পড়ছে। আমাদের কলেজের ফুটবল-ক্রিকেট টিম ছিলো। কৃষ্ণনগর প্রথম ডিভিশনে কৃষ্ণনগর কলেজ সমীহ আদায় করে নিতে পেরেছিল। আমাদের কলেজের সাথে কৃষ্ণনগর সাউথ ক্লাবের লীগের খেলায় ওরা আমাদের বিরুদ্ধে নিয়ে এসেছিল মোহন বাগানের শঙ্কর মুখার্জী ও আসামের মহারানা ক্লাবে অসীম মজুমদারকে। খেলার দিন ছিলো পরিবহন ধর্মঘট। আমাদের নির্ভরযোগ্য তিন খেলোয়াড়ের বাড়ি ছিল চাঁদের ঘাট ও চাপড়ায়। আমরা সবাই মিলে জিপগাড়ী যোগার করে প্রদোশ বিশ্বাস, তারক বিশ্বাস ও মনীন্দ্রনাথ কর্মকারকে খেলার আগে মাঠে উপস্থিত করাতে পেরে ছিলাম। আমরা কলেজের নামটাই আমাদের কাছে বড় ছিলো।

১৯৭৩ সাল। কলেজের ছাত্রাবাস নিয়ে এক সমস্যার কথা তদানীন্তন প্রিন্সিপাল শ্রদ্ধেয় শ্রী তরিৎ মুখার্জী আমাকে জানালেন। সমস্যাটা ছিল আমাদের কলেজে তিনটি হোস্টেল। পুরাতন হিন্দু হোস্টেল, নতুন হিন্দু হোস্টেল, এ্যান্ডারসন মুসলিম হোস্টেল। পুরাতন হিন্দু হোস্টেলে কিছু ছাত্র থাকতো, নতুন হোস্টেলে কোন আবাসিক ছিলো না। এ্যান্ডারসন মুসলিম হোস্টেলে মাত্র পাঁচ-ছ'জন ছাত্র ছিলো। মুসলিম হোস্টেলের আবাসিক কমে যাওয়ার জন্য হোস্টেলটি উঠিয়ে দেওয়ার প্রয়োজন হয়েছিলো। এই সঙ্কটকালে, আমি শ্রদ্ধেয় প্রিন্সিপাল তরিৎবাবুকে প্রস্তাব দিলাম, মুসলিম হোস্টেলের ছাত্রদের হিন্দু হোস্টেলে স্থানান্তরিত করে দিতে। তরিৎবাবু বললেন — "তাকি সম্ভব? মুসলিম ছাত্ররা হিন্দু হোস্টেলে যেতে রাজী হবে?" আমি বলেছিলাম 'স্যার এটা সম্ভব'। এই ঘটনায় আমি ও সামসুল আলোচনা করে ঠিক করলাম, "মুসলিম ছাত্ররা হিন্দু হোস্টেলে থাকবে"। এইভাবেই নিঃশব্দে একটি বিপ্লব ঘটেছিল। ছাত্রমনের আশা পূরণই ছিলো আমাদের লক্ষ্য। ভালো বন্ধুরা চিরকালই ভাল থাকে। দলের উত্থান পতন থাকে, বন্ধুত্ব আলাদা। তাই সামসুল আজও আমার একজন ভালো বন্ধু।

ছাত্রভর্তি সমস্যা এখন খুবই প্রকট। মারাত্মকরূপ নিয়েছে। আমাদের সেই সময়ও কৃষ্ণনগর কলেজে জায়গা না হলে, নবদ্বীপ, শান্তিপুর নয় বগুলা কলেজে যেতে হতো। এখন ভাবতে ভাল লাগে, ছাত্র স্বার্থে লড়াইয়ের দিনগুলোর কথা। কৃষ্ণনগর কলেজে আমরা লড়াই করে বিজ্ঞানের প্রাতঃ বিভাগ চালু করে ছিলাম। (সেই সময় ডি.পি.আই. ছিলেন প্রয়াত শ্রী অমিয় মজুমদার; যিনি আমাদের কলেজে অধ্যক্ষও ছিলেন। মহাকরণে তাঁর সাথে দেখা করে বলেছিলাম স্যার "কলেজের পত্রিকায় বলেদিয়েছি এবছর থেকে প্রাতঃ বিভাগ চালু হচ্ছে। তাই, না হলে সব পত্রিকা পুড়িয়ে ফেলতে হবে।" তিনি আমাদের কথা উপলব্ধি করে, প্রাতঃ বিভাগের অনুমোদন দিয়ে দিলেন। আজ কেন ছাত্ররা এমনটা করতে পারে না।

আমার তিন বছরের কলেজ জীবনে আরও অনেক ঘটনা আছে, সব বললে শেষ করা যাবেনা। সেও এক "সহস্র আরব্য রজনী" তৈরী হবে।

১৬৬ বছরের পুরাতন কলেজের চতুর্থ পুনর্মিলন উৎসবে (নব পর্যায়) আবার মিলিত হয়েছি স্মৃতির টানে।

তোমার মাঝে আমার চলা

মিতা দে

অনেকদিক আগে রোমাঞ্চিত হৃদয়ে শিহরণ জাগিয়ে সামনের বড় গাছটার শুকনো পাতার মচমচ ধ্বনি শুনে অবাক হয়ে দেখছিলাম প্রাচীন ঐতিহ্যবাহী কলেজটি কি অপার মহিমা, পুলকিত হৃদয়ে, সাহস সঞ্চয় করে প্রথম দিনের ১০.১৫ মিনিটের B.D. (বিষ্ণুপদ দত্ত) এর সাম্মানিক ইতিহাসের ক্লাসে ঢুকলাম। বিশাল বিশাল গথিক আর্চের ঘরগুলি পেরিয়ে করিডোর দিয়ে দ্রুতিপদে হেঁটে চলেছি নতুন বিল্ডিং এর ১৪ নম্বর ঘরে যেখানে আমাদের ক্লাসটি হওয়ার কথা। প্রথম দিনের ক্লাসে আমরা পাঁচজন মেয়ে ও তিনটি ছেলে। সৌমদর্শন ছাত্র দরদী শিক্ষক তাঁর গাম্ভীর্য সুলভ দৃষ্টিভঙ্গিতে পড়াতে শুরু করলেন। ১২০৬ খ্রীষ্টাব্দে মধ্যযুগের সূচনা ও সুলতানী সাম্রাজ্যের প্রেক্ষাপট। অত্যন্ত বিশ্লেষণাত্মক দৃষ্টিভঙ্গি ও সহজ-সরল পাঠদান আমার মনকে আজও বিচলিত করে তোলে। কাল প্রবাহে সেই নোট খাতাটি আর খুঁজে পাইনি। কিন্তু মনের কোণে চিরদিন চিত্রিত হয়ে তাঁর বৈদগ্ধ্যময় অসাধারণ অধীত বিদ্যার সঞ্চালন। যা তাঁর প্রতি শ্রদ্ধা বহুগুণ বাড়িয়ে দিয়েছিল।

এই পাতাঝরা শীতকালের বিষন্ন কুয়াশা ভরা সকালেই অপ্রত্যাশিতভাবে আমার এক হারিয়ে যাওয়া ম্যাডাম দর্শনশাস্ত্রের রুবী দাসগুপ্তার সঙ্গে দেখা হয়েছিল উল্টোডাঙ্গা স্টেশনে। ম্যাডাম যেমন তাঁর স্নেহধন্যা ছাত্রীকে একপলকে চিনতে ভুল করেননি, সেও তার শ্রদ্ধেয়া দিদিকে দেখে নিমেষে উৎফুল্ল হয়ে উঠেছিল। একটা বয়সে এসে বোধ হয় আর কোন বয়সের ফারাক থাকে না। তাই সমস্ত সীমা পেরিয়ে একটা সময় সুমধুর বন্ধুত্বের বাঁধনে আবদ্ধ হয়ে যায়। মাঝে মাঝে স্মৃতিপটে ভেসে আসে সুদর্শন, প্রফুল্ল বাবার মতন শিক্ষক অনিল বন্দ্যোপাধ্যায় (AB) তাঁরা অধ্যাপক দম্পতি ছিলেন। বহু উষ্ণপরশ ও মধুর সান্নিধ্য ওদের কাছ থেকে পেয়েছি যা অমূল্য রতন হয়ে আছে আমার কাছে চিরকাল ও চিরদিন।

বহু ঐতিহাসিক ঘটনার নীরব সাক্ষী আমার এই প্রিয় কলেজটি গথিক স্থাপনের এক অপূর্ব নিদর্শন। যা অবশ্যই ঐতিহাসিক মর্যাদালাভের দাবী রাখে, পুরনো দলিল - দস্তাবেজের উপর ভিত্তি করলেই বেরিয়ে আসবে এর অপরিসীম ঐতিহাসিক ও সামাজিক মূল্যবোধের বাতাবরণ।

আমরা যারা এই কলেজের সঙ্গে এখনও পরোক্ষভাবে জড়িয়ে আছি। নিঃশ্বাসে - প্রশ্বাসে প্রিয়, একান্ত আপন কলেজটির নাম মনের গহনে ফিরে ফিরে আসে। কত যত্নে, কত ভালবাসায়, কত স্বপ্ন নিয়ে গড়ে উঠেছে আমাদের এতগুলি বৎসর পার হওয়া বিদ্যায়তনটি। সমসাময়িক অনেকগুলি কলেজ, বিশ্ব-বিদ্যালয় স্তরে উন্নীত হয়েছে। কোন কোন প্রাচীন শিক্ষালয়, 'Heritage Building' এরও মর্যাদা লাভ করে ভারতবর্ষের শিক্ষার জগতে এক স্থায়ী ও সুমহান স্থান লাভ করেছে, আমিও আমার সুপ্রাচীন শিক্ষায়তনটির এই মর্যাদা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অন্তরের অন্তস্থল থেকে আবেদন রাখি। যথাযথ আইনসঙ্গত পথে নিশ্চয়ই একদিন এই কাজের সমাধান হবে, সেদিন আমরাও সোচ্চারকণ্ঠে বলে উঠব, আমরাই ভবিষ্যত কাণ্ডারী, যারা চরৈবেতি মন্ত্রে সঞ্জিবিত, উজ্জীবিত ও সমৃদ্ধ।

জনম ভোর

মানসী দে

যতদূর দেখা যায় অনেক দূরে কোথাও
কুয়াশাভরা সন্ধ্যায় ঘোমটা ঢাকা,
বিষণ্ণতার মায়াবী জালে ঘেরাও কে?
ধীরে ধীরে আসে আমার পাশে, কিছু
যেন বলতে চায়। ওগো আমার বিদ্যাদাত্রী মা।
চারপাশে কত ফিস্‌ফাস্‌ জোনাকির
মিটমিটি আলোয় অধরা কখনও
শুচিস্মিতা,
শন্‌শন্‌ করে শীতের ঠাণ্ডা হাওয়া বয়ে যায়
রেখে যায় কিছু না বলা কথা, অনেক দিনের
কোন অসমাপ্ত কাজ,
সে কাজগুলি হয়নি করা, যে কথাগুলি
হয়নি রাখা,
মনে শুধু এক করুণ রাগিনী বেজে চলে,
সেই স্মৃতি মেদুরতার কথা ভেবে।
আমার অস্তিত্ব তো শুধুই তোমাকে
ঘিরে, স্মৃতি তো সততই মধুর।
মনে কত না ফোটা আশা, ভেঙ্গে যাওয়া
স্বপ্নিল চাওয়া পাওয়া তো একদিন
হারিয়ে গেছে তোমারই
বুকভরা ভালবাসায়, আকুল ও
উদাত্ত আহ্বানে।
মনের গহনে তোমার ডাক শুনি সর্বদা,
হে আমার বিদ্যায়তন,
আমরা যে একাত্ম তোমারই
ঘাসঢাকা উন্মুক্ত প্রান্তরে।
আমৃত্যু, আমি যে তোমারই, শুধু তোমারই।

এক সমুদ্র অনেক ঢেউ

রুণু ভট্টাচার্য্য

এক জীবনে অনেক জীবন কাটে,
অতীত ভবিষ্যত বর্তমানের হাটে।
স্মৃতি বিস্মৃতির স্রোতে বহমান,
নবরূপে রসে গন্ধে ভরা এ জীবন।
আনন্দ বেদনার ফেনিল আবর্ত,
কত প্রত্যখ্যান, কত সমর্পিত মুহূর্ত।
হাজার হাজার কথা,
তীক্ষ্ণ মুখ সহস্র বৃষ্টির ফোঁটা,
যেন ঝোড়ো বাতাসের ঘোড় সওয়ার।
অন্তহীন দগ্ধ দুঃসহ দুপুর,
অস্তিত্বের গভীরে তোলে বিষাদের সুর।
প্রান্তর বিস্তৃত বিশাল শূণ্যতা,
বানভাসি জীবনের অনন্ত গভীরতা।
তবুও দর্পিত কৃষ্ণচূড়া কিংশুক,
বাতাসের সাথে করে গভীর কৌতুক।
অলক্ষ্য পাখির ডাকে ছিদ্রিত নিঃশব্দতা,
স্তব্ধ অরণ্য বাতাসে আনে বসন্ত বারতা।
তন্বীশ্যামা স্বর্ণচাঁপা বিরহ বিধুর,
ফুল্লকামিনীর শ্বেতশয্যায় সুরভিত সুর।

মোহনার ধারে

গীতা বিশ্বাস

মনে যতছিল সবটুকু শেষ হ'য়ে গেছে বলা — নাকি!
সেদিনের সেই রেশ ধ'রে কিছুকথা রয়ে গেল বাকি
বকেয়া সেকথা এখন কি হ'তে পারে,
জীবন যখন প্রায় মোহনার ধারে!
যদি সেই কথা ভোরে ফোটা ফুলে শিশিরে জড়িয়ে রাখি
জীবনযাপন আলোকিত ক'রে মুছে দেবে সব ফাঁকি?
সে সব কথারা নেপথ্যে থাকা অভিলাষে দূরে সরে
অথচ তাদের আনাগোনা দেখি উদাসীন অবসরে।
স্বরূপ যাদের কলমে পড়েনা ধরা
মায়াসঞ্চারী কায়াটি যায়না গড়া।
আভাস বোঝাতে, থাকা না থাকার জলছবি আঁকি ঘরে
ওরা সত্য মিথ্যের যাবতীয় বোধ লহমায় ভাঙে গড়ে।

রি-ইউনিয়নের গান

আমাদের এই রি-ইউনিয়ন
হেথায় কেউ নয় পর সকলেই আপন।
সবারে মোরা করি সমাদর
সমাগতদের একই কদর।
রি-ইউনিয়ন রি-ইউনিয়ন।।

প্রাক্তণীদের মহামিলনে
বাঁধা পড়ুক সবাই ঐকতানে।
তাদের মাঝে যেন পরেনা ফাঁক
প্রেমের বাঁধনে সবে ধরা থাক।

বাইরে সবাই জোয়ার পানে
উজানে বায় না যেন ভাঁটার টানে।
বন্ধুরে, বন্ধুরে, বন্ধুরে, বন্ধুরে।।

একই মন্ত্র এক পরান
কলেজমঞ্চে সমর্পিত প্রাণ
বন্ধুরে, বন্ধুরে।।

কথা : মঞ্জুলিকা সরকার
সুর : শীতল সাহা

অগ্নিপথ

শ্রী দীপঙ্কর দাস

আগুনটা ভেতরে ছিলই —
আঁচটা টের পাইনি সেদিন।

আজ যখন আগুন লাগল
বাইরেটায়
তখন
ভেতর থেকে কেউ যেন
হাঁক দিল —
'ওঠো, জাগো,
উসকে দাও আগুনটা
এবার,
এটা জানবে
আগুন দিয়ে আগুন
নেভাতে হবে।'

APPENDIX

TWO OF THE MESSAGES RECEIVED ON THE OCCASION OF THE CENTENARY OF THE KRISHNAGAR COLLEGE.

I

MESSAGE FROM THE CALCUTTA UNIVERSITY.

"The University of Calcutta offers its most cordial greetings and felicitations to the Krishnagar College on the occasion of its Centenary Celebration.

The University recalls with pleasure and gratification the great role which the College has played in the advancement of learning in the province, through its eminent Principals and teachers, of whom Capt. D. L. Richardson was the first, and also through its alumni among whom are some of the famous sons of Bengal.

The University hopes and trusts that the noble efforts of the College for the advancement of learning will be crowned with ever-increasing success as they have been in the past."

II

MESSAGE FROM MR. K. ZACHARIAH M.A. (OXON),

Director of Public Instruction, Bengal.

I should like to send my sincere and cordial good wishes for the success of the celebrations. Much has been done by old and present students and teachers and by friends of the College to establish permanent memorials of the hundred years of the work of the College. The love and loyalty of its alumni and friends which a centenary in special measure arouses are among the most valuable assets of a College and I trust that Krishnagar College will find in the centenary the impetus and spirit for a fresh and even more fruitful career.

CHANCELLOR'S ADDRESS

(Text of Speech by the Right Hon'ble R. G. Casey, Governor of Bengal, and Chancellor, Calcutta University, on the occasion of the Centenary Celebrations of the Krishnagar College on the 14th January 1946.)

To an Australian, a hundred years is a long time—and I am moved to congratulate you on the successful weathering of the first hundred years of the Krishnagar College.

I said "to an Australian"—as my country is only 160 years old since the first settlement—and 100 years to us is, in consequence, a more impressive period of time than it may be to those who live in the older countries.

I have read with great interest the condensed history of the College from its early beginnings to its present state—and how it has gradually expanded and developed till now it enjoys many, if not all, the attributes of College life. I realise that a great many people have put much thought and effort into the position that you have reached. I sense a spirit of pride and patriotism. And I applaud the public spirit of those—among whom I would particularly name that good servant of Bengal and of Nadia District, Sir Muhammad Azizul Huque—who have contributed to the well-being of the College.

I have listened with the greatest interest and profit to what your Principal, Mr. J. M. Sen, has had to say today. To let you into a secret, he was good enough to send me a copy of the text of his speech in advance, and I have had the privilege of reading it carefully before I came here. His thoughtful address has prompted some of the observations which I now propose to make.

I hope, Rai Bahadur, that you will not expect me to speak to you today on your own subject—education. I wish that I could, but I know my own limitations. Apart from having absorbed a reasonable amount of education myself -and apart from knowing what I want education to achieve—I am afraid I am rather ignorant of the teachnique of education, and how you set about what I imagine must be the appallingly difficult task of turning young human beings into educated and well rounded adults. It has always seemed to me a task deserving of the most profound admiration. In other words, like many another, I have never lost my slight but noticeable fear of a school teacher or of a professsor.

Your profession, sir, is an honourable and a meritorious one. It is one, by the way, that gets far less recognition and far less approbation

than it deserves. As has been said so often, it is more of a calling than a profession. The precise combination of virtues, qualities and restraints that are necessary to make a good teacher—much less a good Headmaster or a Principal—are rare amongst us. We can thank Heaven that a certain small percentage of men and women are so endowed with the necessary qualities and enthusiasms that they can not only perform the tasks but can withstand the disappointments and the setbacks that I have enough imagination to know you must continuously meet.

Of all the audiences that present themselves to an individual in public life I am in no doubt that, for myself, I prefer addressing an audience of young men and women to any other. Even in the limited time that I have been in this Province, I have addressed many audiences of young men, in the Universities of Calcutta and Dacca and elsewhere. Even when I broadcast over the Radio—as I do on occasion—I must admit to having the young in mind more than the old. They are the people who are about to embark on the adventure of life—about to start taking over the reins from my generation. If I have any message, it must logically be to those who have most opportunity to profit by it—if indeed there is merit in what I have to say.

Now, Sir, let me speak for a moment, of some of the many matters on which you have touched in your most interesting address. You have given us a list of the subjects that your Commemoration Volume will contain—and, if I may say so, a most embracing and catholic list it is. I would much like to have a copy of it—as a number of the subjects are of considerable interest to me. Regarding discipline your Principal deplores the increasing tendency to reject all authority and discipline. I know what he means—and I join with him in deploring it. I believe that the inculcating of a proper discipline in the home and in the schools and in the Colleges is essential in the life of any people. I do not believe that the need for discipline in the young is sufficiently appreciated in India. People seem to me to believe that to insist on discipline means being unkind to the young. For myself I believe the reverse—I believe that, in the long run, it is unkind to the child to let him indulge himself without parental and educational restraint. Discipline does not mean harshness—but it does mean guidance and restraint—a degree of curbing which is necessary for the young of any race. Otherwise the young waste their strength on objects which they lack the experience to see in perspective. I regard it as unfortunate to see a boy—often a boy of talent, spirit and imagination—allowed to behave as though he were his own judge of what he should do at his not very advanced time of life. He gets a wrong slant on himself—and he wastes his own time and other peoples' time.

I am not thinking so much about "politics"—students' "demonstrations" and the like. "Politics" are merely an aspect of what I have in mind. I am thinking more of general behaviour and outlook. Believe me, I don't want to see Bengal's youth a neat, priggish set of namby-pamby "yes sir—no sir" creatures—who haven't an idea in their heads that isn't put into them. Nor can I even imagine you in such a hum-drum disguise. Nevertheless I would like to see greater evidence of balance and discipline in your years of up-bringing. The fault—for to be frank, it is a fault—is not yours; it is, I suppose, the fault of those who have a duty by you.

I have said what I have on this subject with some diffidence. I am conscious that as Governor of this Province you will regard what I say as the words of, so to speak, an ex-officio disciplinarian. But if so, you will have mistaken me—I have spoken in a more personal capacity—as one who has knocked about the world a bit and who happens himself to be the father of two lively and not overdisciplined-children.

Again, reverting to your Principal's address, I was impressed by the sentence—"The present day problem all over the world is how can we make the most of our life". If I may say so, this is very true. It is not only true of the fortunate few who find themselves at a College such as this. It is true of the vast population of this great land. How are *they*—as apart from *you*—going to make the most of their lives? I speak of the scores of millions of people—mostly cultivators on small farms—how are they to be helped to make the most of their lives? Very truly, they are not getting much out of their lives today—and I believe that, left to themselves, they are unable to help themselves very much. They have to rely on others, more fortunately placed than themselves, to show them the way.

How then can they best be helped? Do they need orthodox education as you and I know it?—or do they need education for the sorts of lives that they will be obliged to lead for many a long year ahead? I venture to think that we have got to think in other terms than education of the normal kind for the mass of the cultivators. In the first place, it would be many years before orthodox education could be made available to them. It would take many years and a great deal of money to train the requisite number of teachers and to build the schools. And when all that is done—the germ of doubt arises in my mind whether orthodox education is what is really needed. Certainly they need to be taught how to read and write—to combat the illiteracy and consequent ignorance that is unfortunately widespread in this country—but what else do they need? One has to remember that, fast though we hope the industrial side will develop, the vast mass of

the millions of India must continue to be farmers on small individual plots of land for as long ahead as one can see. Their life and their living will be the small farm from birth to death. That is the case in the vast majority of cases—with an individual here and there breaking through, breaking upwards, and making something different, something wider, out of his life. May be those who break away from the farm will amount in total to many tens of thousands each year—but still they will be only a minute fraction of the whole.

Well, what about this majority ? I believe that a great deal can be done for them that is not, at any rate in Bengal, now being done for them—by way of teaching them how to farm better and enabling them to live better, even if we cannot, for a considerable time to come, give them the possibility of a more intellectual life.

I am one of those who has a great respect for the Bengali cultivator. Even in my relatively short time in Bengal, I believe I am right when I say that he is an individual who makes the most of the opportunities and the facilities that are available to him. It should be our aim to increase these facilities—and I believe he can be relied upon to take advantage of them. As I have said on many public occasions, I believe that we have got to make available to as many Bengali cultivators as modern engineering makes possible the benefits of perpetual irrigation water so that he can farm throughout the year—instead of throughout less than half the year—so that he can raise the maximum of crops. Double the present output from the land should not be impossible. With increased agricultural output will come better standards of nutrition and the demand and the ability to pay for artificial fertilisers and many of the small amenities of life that, through poverty, are not possible for him now. With widespread irrigation, drainage and river control will come—if we make it come—greater control of malaria—less disease and less debilitation. We must teach the cultivator better hygiene —we must make available the seeds of more fruits and vegetables. We must look after rural pisciculture so that the cultivator can have a proper supply of protein in the palatable form of fish. All these things are not only possible. We are beginning to carry them out. It may be some years before the combined results begin to make themselves felt—but it can be done—and I hope beyond anything that it will be done.

The other day I read an article in some publication to the effect that we were mistaken in laying the main stress on the development of agriculture and of the cultivators' life. It was argued that the main stress should be laid upon the development of India's mineral and industrial resources, which would, it was said, give quicker results less expensively. I am afraid that I cannot subscribe to this view.

